



বেতন খেলাপি মিজান লাইব্রেরি

বিদ্যাবিদ্যালয় সংবাদদাতা : ঢাকা
বিদ্যাবিদ্যালয়ের প্রায় ৭০ জন ছাত্রছাত্রী
বাংলা বাজারের মিজান লাইব্রেরির কাছে
পাওনা ৫ মাসের বকেয়া বেতন পরিশোধের
দাবিতে সোমবার বিকেলে টিএসসিতে
বিক্ষোভ মিছিল করেছে।

মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে
সোয়েদ চত্বর হয়ে প্রেসক্লাবের কাছে এসে
শেষ। তারা জানায়, প্রকাশনা সংস্থার
মালিক গত ৫ মাস ধরে বিভিন্ন অজুহাতে
তাদের বেতন বকেয়া রাখতে শুরু করে।
গত দুই মাসে সর্বদা পাওনা পরিশোধের
কথা থাকলেও বিনা নোটিশে গত ১৩ই
জুলাই শাহবাগ কার্যালয় বন্ধ করে দেয়া
হয়।

এ ব্যাপারে প্রকাশনা মালিক মিজানুর
রহমান পাটোয়ারীর সঙ্গে তারা যোগাযোগ
করলে তিনি পাওনা পরিশোধ করবেন না
বলে জানিয়ে দেন।